দৈনিক
ইনকিলাব

তারিখ 20 APR 2008
পৃষ্ঠা - ২ কলাম ৬



ইনকিলাব : ঢাবিতে গ্রেফতারকৃত ভুয়া অধ্যাপক টুটন

# ঢাবি শিক্ষক পরিচয়ে টাকা হাতানোর অভিযোগে প্রতারক ফারহান চৌধুরী গ্রেফতার

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সংগীত বিভাগের শিক্ষক পরিচয় দিয়ে লোকজনের কাছ থেকে টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে ফারহান চৌধুরী টুটন নামে এক ব্যক্তিকে আটক করেছে শাহবাগ থানা পুলিশ। জনৈক হাসিনা বেগমের প্রতারণা মামলায় পুলিশ গতকাল (শনিবার) বাংলা মোটর থেকে তাকে গ্রেফতার করে। তবে সাবেক স্পিকার শামসুল হুদা চৌধুরীর ছেলে পরিচয় দানকারী টুটন নিজেকে নির্দোষ দাবী করে বলেছেন হাসিনা খানমের গোপন ব্যবসায় জড়াতে অস্বীকার করায় তাকে ফাঁসানো হয়েছে। জানা যায়, টুটন বিগত কয়েক মাস ধরে নাট্যকলা ও সংগীত বিভাগের শিক্ষক পরিচয়ে ভুয়া ভিজিটিং কার্ড ব্যবহার করে এবং প্যাড ছাপিয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও বিদেশ যেতে সহায়তার নামে শিক্ষার্থী ও অভিভাবকদের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়। পরে ভুক্তভোগীরা নাট্যকলা বিভাগে এসে যোগাযোগ করে এ নামে কোন শিক্ষকের অস্তিত্ব খুঁজে পায়নি। প্রতারণার শিকার হাসিনা খানম (স্বামী-গোলাম কিবরিয়া, বাসা নং ৪, রোড নং ১/এ বায়তুল আমান হাউজিং সোসাইটি) বাদী হয়ে ৪১৯/৪২০ ধারায় শাহবাগ থানায় মামলা দায়ের করেন। মামলা নং ৩১। ওই মামলায় পুলিশ টুটনকে গ্রেফতার করে। নাট্যকলা ও সংগীত বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ ইস্রাফীল এ অভিযোগ স্বীকার করেছেন। এদিকে টুটন এ অভিযোগ অস্বীকার করে বলেছে, হাসিনা খানমের ইয়াবা ব্যবসায় রাজী না হওয়ায় তার (হাসিনা) দায়ের করা আরেকটি প্রতারণা মামলায় সে গত ৩৬ মাস ধরে জেলে ছিল। গত ২: মার্চ ছাড়া পায়। হাসিনার গোপন ব্যবসা ফাঁস যাওয়ার ভয়ে তাকে পুনরায় প্রতারণার মাম জড়ানো হয়েছে। রাত পর্যন্ত টুটন চৌধুরীকে শাহ থানায় রাখা হয়েছে বলে জানা গেছে।